বেসরকারি উদ্যোগে সিলেটে প্রতিষ্ঠিত হচ্ছে বাংলাদেশের প্রথম কারিগরি বিশ্ববিদ্যালয়

চেম্বার ডেস্ক::

বেসরকারি উদ্যোগে বাংলাদেশে প্রথম কারিগরি বিশ্ববিদ্যালয় সিলেটে প্রতিষ্ঠা হতে যাচ্ছে। এর আগে দেশে বেসরকারি উদ্যোগে কারিগরি স্কুল ও কলেজ প্রতিষ্ঠা হলেও কোন কারিগরি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হয়নি।

বুধবার (৯ সেপ্টেম্বর) বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় থেকে এর অনুমতি প্রদান করে এ বিষয়ে একটি প্রজ্ঞাপন জারি করে। এর আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় তাঁর সম্মতি প্রদান করেন।

শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব আ,ন,ম,তরিকুল ইসলাম স্বাক্ষরিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ (শাখা-
১৭) এর

৩৭.০০.০০০০.০৭৮.১০.০০৮.২০২০-৮৩ নং স্বারকে এ অনুমতি প্রদান করা হয়।

সুত্রে জানা যায় নতুন এ বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত নাম হচ্ছে ” আরটিএম আল কবির টেকনিক্যাল ইউনিভার্সিটি”। এর উদ্যোক্তা ও প্রতিষ্ঠাতা হচ্ছেন বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা সীমান্তিক এর প্রধান পৃষ্ঠপোষক ও আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠান “রিচার্স ট্রেনিং এন্ড ম্যানেজমেন্ট” (আরটিএম) ইন্টারন্যাশনাল এর প্রতিষ্ঠাতা বীর মুক্তিযোদ্ধা ড.আহমদ আল কবির। বেসরকারি এ বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস হবে সিলেট নগরীর উপকন্ঠ টিবি গেইট এলাকার আরটিএম কমপ্লেক্সে।

আগামী ১ জানুয়ারী ২০২১ খ্রীস্টাব্দ থেকে এর শিক্ষা কার্যক্রম চালু হবে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। ব্যাতিক্রমধর্মী এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় বিশ্বমানে কারিগরি শিক্ষার মাধ্যমে সরকারের মানবসম্পদ উন্নয়ন কর্মসূচি অগ্রাধিকার পাবে বলে আশা

প্রকাশ করছেন উদ্যোক্তারা।